দৈনিক
# ইত্তেফাক

তারিখ ... 06. APR. 2015 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৫ ......

## ইস্ট-ওয়েস্ট মেডিক্যাল কলেজ হাসপাতালে বার্ন ইউনিট চালু

■ ইত্তেফাক রিপোর্ট

ইস্ট-ওয়েস্ট মেডিক্যাল কলেজ হাসপাতালে ১২ বেডের একটি বার্ন ইউনিট চালু করা হয়েছে। গতকাল রবিবার রাজধানীর উত্তরায় অবস্থিত হাসপাতালটিতে এর যাত্রা শুরু হয়।

গতকাল আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য এডভোকেট সাহারা খাতুন বার্ন ইউনিটটির উদ্বোধন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন এনাম মেডিক্যাল কলেজের চেয়ারম্যান ডা. এনামুর রহমান এমপি, ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি অধ্যাপক সহিদ আকতার হুসাইন, বাংলাদেশ প্রাইভেট মেডিক্যাল কলেজ এসোসিয়েশনের সভাপতি ও ইস্ট-ওয়েস্ট মেডিক্যাল কলেজ হাসপাতালের চেয়ারম্যান ডা. মো. মোয়াজ্জেম হোসেন প্রমুখ।